

## সিনিয়র-জুনিয়র দ্বন্দ্ব আইডিয়াল কলেজের শিক্ষার্থী গুলিবিদ্ধ

নিজস্ব প্রতিবেদক \*  
রাজধানীর কলাবাগান এলাকার আইডিয়াল কলেজে সিনিয়র-জুনিয়র দ্বন্দ্ব নাইমুর রশিদ নাবিল (১৮) নামে এক শিক্ষার্থী গুলিবিদ্ধ হয়েছেন। তিনি কলেজের ব্যবসায় শিক্ষা বিভাগের প্রথম বর্ষের ছাত্র। গতকাল শনিবার দুপুর সাড়ে ১২টার দিকে সেন্ট্রাল রোডে আইডিয়াল কলেজের সামনে এ ঘটনা ঘটে। গোড়ালিতে গুলিবিদ্ধ নাবিলকে ঢাকা মেডিক্যাল কলেজ (ঢামেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় কলাবাগান থানায় মামলা হয়েছে। তবে ঘটনার সঙ্গে জড়িতদের শ্রেণ্ডার করতে পারেনি পুলিশ।

আহত নাবিল জানান, গত শুক্রবার কলেজের সামনে একটি আন্ডারগ্রাউন্ড চায়ের দোকানে বসা কেন্দ্র করে সিনিয়র ও জুনিয়র শিক্ষার্থীদের মধ্যে কথাকাটাকাটি হয়। এ সময় তার এক এরপর পৃষ্ঠা ৯, কলাম ৪

## সিনিয়র-জুনিয়র দ্বন্দ্ব আইডিয়াল

(শেষ পৃষ্ঠার পর) বন্ধুকে মারবীর করে দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা। গতকাল দুপুরে তিনি কলেজের সামনে চায়ের দোকানে চা পান করছিলেন। এ সময় দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী আশরাফুল ইসলাম পলক বহিরাগত বন্ধু সাদিদ হোসেন রোমানকে ডেকে নিয়ে এসে তার বাঁ পায়ে এক রাউন্ড গুলি করেন। নাবিলের বাবার নাম হারুন অর রশীদ। তারা কলাবাগান সার্কুলার রোডের ৯ নম্বর বাড়িতে থাকেন।

প্রত্যক্ষদর্শী এক শিক্ষার্থী জানান, গত শুক্রবার বিকালে কলেজের সামনে চায়ের দোকানে পলকের সঙ্গে নাবিলের বাকবিতণ্ডা হয়। গতকাল দুপুরে পলকের বন্ধু রোমান ১০-১২ জন ছেলে নিয়ে কলেজের সামনে এসে প্রথম বর্ষের কয়েক ছাত্রের ওপর অতর্কিত হামলা চালায়। একপর্যায়ে রোমান কয়েক রাউন্ড গুলি ছোড়ে। এ সময় ওই এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। ভয়ে দিগ্বিদিক ছোটাছুটি করতে থাকেন শিক্ষার্থীরা। পরে পলকের সামনে নাবিলের বাঁ পায়ে গুলি করে রোমান। কলাবাগান থানার পরিদর্শক (তদন্ত) আবদুর রহমান আমাদের সময়কে বলেন, ঘটনার বিষয়ে কলাবাগান থানায় মামলা হয়েছে। জড়িতদের ধরতে অভিযান চালাচ্ছে। তিনি আরও বলেন, সিনিয়র-জুনিয়র দ্বন্দ্বের জের ধরে একপক্ষ বহিরাগত সন্ত্রাসী ভাড়া করে এনে এ ঘটনা ঘটিয়ে পালিয়ে যায়।